

আল-মুতাফফিফীন | Al-Mutaffifin | الْمُطَفِّفِينَ

আয়াতঃ ৮৩ : ২৪

আরবি মূল আয়াত:

تَعْرِفُ فِي وُجُوهِهِمْ نَضْرَةَ النَّعِيمِ ﴿٢٤﴾

অনুবাদসমূহ:

তুমি তাদের চেহারা সমূহে সুখ-স্বাচ্ছন্দ্যের লাভণ্যতা দেখতে পাবে। — আল-বায়ান

তুমি তাদের মুখে আরাম আয়েশের উজ্জ্বলতা দেখতে পাবে। — তাইসিরুল

তুমি তাদের মুখমণ্ডলে স্বাচ্ছন্দ্যের দীপ্তি দেখতে পাবে, — মুজিবুর রহমান

You will recognize in their faces the radiance of pleasure. — Sahih International

২৪. আপনি তাদের মুখমণ্ডলে স্বাচ্ছন্দ্যের দীপ্তি দেখতে পাবেন,

-

তাফসীরে জাকারিয়া

২৪। তুমি তাদের মুখমণ্ডলে স্বাচ্ছন্দ্যের সজীবতা দেখতে পাবে। [1]

[1] যেমন দুনিয়ার ধনবান সুখী ব্যক্তিদের মুখমণ্ডলে সাধারণতঃ খুশীর আভা ও সজীবতা প্রকাশ পায়; যা তাদের আরাম, আয়েশ এবং পার্থিব সম্পদ লাভের কারণে হয়ে থাকে এবং যা তাদের মাল-ধনের আধিক্যের ফলেই অর্জন হয়। অনুরূপ জান্নাতে জান্নাতীদের জন্য সম্মান, মর্যাদা এবং নানা প্রকার সুখ-সম্পদের যে আধিক্য হবে তার কারণে তাদের মুখমণ্ডলেও তা প্রকাশ পাবে। তাদেরকে তাদের রূপ-সৌন্দর্য, লাভণ্য এবং উজ্জ্বল্যে চেনা যাবে যে, তারা জান্নাতী ব্যক্তি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5872>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন